দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 APR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

# নবীনগরে প্রায় অর্ধশত শিক্ষার্থী হঠাৎ অজ্ঞান!

■ নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের গোপালপুর উচ্চ বিদ্যালয়ের প্রায় অর্ধশত ছাত্র-ছাত্রী গতকাল শনিবার স্কুলের শরীর চর্চা ও জাতীয় সংগীত ক্লাস চলাকালীন হঠাৎ অজ্ঞান হয়ে পড়ে যায়। আক্রান্ত ছাত্র/ছাত্রীদের নবীনগর সরকারি হাসপাতালসহ বিভিন্ন ক্লিনিকে নিয়ে আসা হয়। ডাক্তাররা বলেছেন, এটা রোগ নয়, মানসিক উদ্বেগজনিত সমস্যা। এটা প্রচণ্ড গরমের কারণে বা একজনকে দেখে ভয়ে আরেকজনের এ অবস্থা হতে পারে।

জানা যায়, ওই স্কুলে সকাল ১০টায় এসেম্বলি চলার সময়ে দু'জন ছাত্রী হঠাৎ অজ্ঞান হয়ে পড়ে যায়। তাদের মাথায় পানি ঢালাসহ প্রাথমিক চিকিৎসা দেয়ার সময় ক্লাসে এ রকম আরো অনেকে অজ্ঞান হয়ে যায়। এ সংখ্যা বাড়তে থাকায় শিক্ষকসহ অভিভাবকরা তাদের দ্রুত হাসপাতালে প্রেরণ করেন। প্রধান শিক্ষক মোহাম্মদ আলী বলেন, প্রচণ্ড গরম থাকায় এসেম্বলিতে শুধু জাতীয় সংগীত গাওয়া হয়। ওই সময় দু'জন ও বাকিরা শ্রেণিকক্ষে গিয়ে পড়ে যায়। নবীনগর সদর হাসপাতালের টিএসও ডাঃ মোহাম্মদ ইউনুছ বলেন, ভয়ের কোনো কারণ নেই। তাদের সঠিক চিকিৎসা দেয়া হচ্ছে। অনেকেই সুস্থ হয়ে বাড়ি গেছেন।